

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট
ঢাকা-১২১৫।
(www.dam.gov.bd)

~~১৯/০৫/২০১৮~~ AD(ICT)
১৯/০৫/২০১৮
১৯/০৫/২০১৮

নথি নং- ১২.০২.০০০০.০১৬.০৬.০০৪.১২-১০১


তারিখঃ ০৯/০৫/২০১৮ খ্রিঃ।

বিষয়ঃ কৃষি বিপণন অধিদপ্তরের এপ্রিল, ২০১৮ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ে কৃষি বিপণন অধিদপ্তর, সদর দপ্তরে অনুষ্ঠিত এপ্রিল, ২০১৮ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী নির্দেশক্রমে নিম্নরূপ কার্য ব্যবস্থার অনুরোধসহ এতদসঙ্গে প্রেরণ করা হলো।

১. কার্যবিবরণীর সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ আগামী ১৫ মে, ২০১৮ তারিখের মধ্যে গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রেরণ নিশ্চিত করবেন; যাতে পরবর্তী সমন্বয় সভার কার্যপত্রে সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি উল্লেখ করা যায়।
২. মে, ২০১৮ মাসের সমন্বয় সভার কার্যপত্রে অন্তর্ভুক্তির জন্য বিশেষ কোন আলোচ্য সূচীর প্রস্তাব থাকলে সংশ্লিষ্ট সকলকে তা আগামী ১৫ মে, ২০১৮ তারিখের মধ্যে আরইটিসি শাখায় প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।


০৯/০৫/১৮
(ইকবাল হোসেন চাকলাদার)
উপ-সচিব
উপ-পরিচালক (আরইটিসি)
ফোনঃ ৯১১৪৮২২।

বিতরণ (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে):

জনাব মোঃ আব্দুল করিম
হোসেন প্রিন্সিপাল সিস্টেম অফিসার
আরইটিসি শাখা
(জি.ও. সিস্টেম প্রকাশনা, বন্য)

পণ্যের প্রোডিং মূল্য বৃদ্ধি ও বিপণনে সহায়ক

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫।
www.dam.gov.bd

কৃষি বিপণন অধিদপ্তরের এপ্রিল, ২০১৮ মাসের সমন্বয় সভার কার্যবিবরণীঃ

সভাপতি : জনাব মোঃ মাহবুব আহমেদ
মহাপরিচালক
কৃষি বিপণন অধিদপ্তর।
তারিখ : ৩০ এপ্রিল, ২০১৮ খ্রিঃ।
সময় : সকাল ০৯:৩০ ঘটিকা।
স্থান : সভা কক্ষ, কৃষি বিপণন অধিদপ্তর, ঢাকা।

সভায় উপস্থিত কর্মকর্তাগণের নামের তালিকা পরিশিষ্ট-‘ক’-তে দেখানো হলো।

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। অতঃপর সভার কার্যপত্র অনুযায়ী বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক্রমিক নং	শাখা ভিত্তিক আলোচ্য বিষয় ও পর্যবেক্ষণ	গৃহীত সিদ্ধান্ত	সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/ শাখা
১.	গত ২৮/০৩/২০১৮ তারিখে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ।	গত ২৮/০৩/২০১৮ তারিখের সমন্বয় সভার কার্যবিবরণী-তে কোন সংশোধনী না থাকায় নিশ্চিতকরণের প্রস্তাব করা হয়। সিদ্ধান্ত-১: ২৮/০৩/২০১৮ তারিখের সমন্বয় সভার কার্যবিবরণী নিশ্চিত করা হলো।	প্রশিক্ষণ ও সমন্বয় শাখা।
২.	বাজার দর পর্যালোচনাঃ ঢাকা শহরে রসুন (দেশী), আদা (দেশী ও আমদানীকৃত), মুরগী (ব্রয়লার), আলু (হেল্যান্ড সাদা), মিষ্টি কুমড়া, করল্যা/উচ্ছে, এবং কাঁচাপেঁপের দাম বৃদ্ধি পেয়েছে। ০৭টি বিভাগে চাল (সবু ও মাঝারী), মসুর ডাল (আমদানীকৃত), আদা (দেশী ও আমদানীকৃত), পিয়াজ (দেশী), রসুন (দেশী ও আমদানীকৃত), মুরগী (ব্রয়লার), আলু (হেল্যান্ড সাদা), বেগুন, টমেটো, কাঁচাপেঁপে এবং মিষ্টি কুমড়া'র দাম বৃদ্ধি পেয়েছে।	বাজার মূল্য পরিস্থিতি পর্যালোচনাকালে উপ-পরিচালক (বাজার সংযোগ) সভায় ঢাকা মহানগরী এবং ঢাকা মহানগরীর সাথে ০৭টি বিভাগের তুলনামূলক ০২টি প্রতিবেদন উপস্থাপন করেন (পরিশিষ্ট-‘খ’)। বাজার দর পর্যালোচনা পূর্বক নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়। সিদ্ধান্ত-১: যে সকল পণ্যের দাম বৃদ্ধি পেয়েছে বিশেষ করে চাল (সবু ও মাঝারী), মসুর ডাল (আমদানীকৃত), আদা (দেশী ও আমদানীকৃত), পিয়াজ (দেশী), রসুন (দেশী ও আমদানীকৃত), মুরগী (ব্রয়লার), আলু (হেল্যান্ড সাদা), বেগুন, কাঁচাপেঁপে, করল্যা/উচ্ছে, টমেটো, মিষ্টি কুমড়া এবং অন্যান্য শাক-সজিসহ সকল কৃষিপণ্যের দাম সহনীয় রাখার লক্ষ্যে মনিটরিং জোরদারকরণ পূর্বক জেলা ও বিভাগীয় পর্যায়ে কার্যকরী বাজার সংযোগ স্থাপন এবং তদারকি অব্যাহত রাখতে হবে। সিদ্ধান্ত-২: আসন্ন রমজান মাসের পূর্বে ডাল, চিনি, মসলা ও শাক-সজিসহ সকল পণ্যের মূল্য স্থিতিশীল রাখার লক্ষ্যে বিভাগীয় উপ-পরিচালকগণ বিভাগীয় পর্যায়ে এবং ডিএমও/ডিএমআইগণ স্থানীয় প্রশাসন/বাজার সমিতি/ক্ষুদ্র ব্যবসায়ীদের সংগে মতবিনিময় সভার আয়োজন করবেন। সিদ্ধান্ত-৩: আসন্ন রমজান মাসে বাজারদর সহনশীল রাখার লক্ষ্যে ডিএমও/ডিএমআইগণ গুরুত্বপূর্ণ বাজারসমূহে মাইকিং এবং ৪'x৬' আকারের প্যানার্ড স্থাপন করবেন।	উপ-পরিচালক (বাজার সংযোগ) বিভাগীয় উপ-পরিচালক (সকল) ডিএমও/ডিএমআই (সকল)
৩.	বাজার তথ্য ও পরিসংখ্যান শাখাঃ জেলা হতে যৌক্তিক মূল্যের প্রাপ্ত প্রতিবেদন ৬৩টি, পাওয়া যায় ০২টি (ভোলা)। যৌক্তিক মূল্য বাস্তবায়ন সন্তোষজনক।	সিদ্ধান্ত-১: যৌক্তিকমূল্য বাস্তবায়ন অগ্রগতি ও যৌক্তিকমূল্যে বিক্রিত পণ্যের নামসহ প্রতিবেদন প্রস্তুত পূর্বক কৃষি বিপণন অধিদপ্তরের ওয়েব-সাইটে প্রকাশ অব্যাহত রাখতে হবে এবং জেলা পর্যায়ে মনিটরিং জোরদার করতে হবে।	উপ-পরিচালক (বাজার সংযোগ) বিভাগীয় উপ-পরিচালক (সকল) ডিএমও/ডিএমআই (সকল)

পণ্যের ক্রেডিং ফুল বৃদ্ধি ও বিপণনে সহায়ক

